"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
# BANGLADESH POWER DEV. BOARD

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
ফোন ঃ ৯৫৫৩১০১

সুত্র নং-২৭.১১.০০০০.২১০.৪৪.২১৩.২২৪.১৭-২১৬ | তারিখ ঃ ০৬-১২-২০১৭ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে রাজস্বখাতভুক্ত নিম্নেবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগ ও প্যানেল তৈরীর লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | যোগ্যতা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | সহকারী পরিচালক (প্রশাসন) (৯ম গ্রেড) | ক) প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীর সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে কোন পরীক্ষাতেই জিপিএ ২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নয়।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ (এম,এস ওয়ার্ড, এম,এস,এক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি । | ১৩ টি |
| ২। | সহকারী পরিচালক (নিরাপত্তা ও অনুসন্ধান) (৯ম গ্রেড) | ক) প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীর সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ (এম,এস ওয়ার্ড, এম,এস,এক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি । | ০৩ টি |
| ৩। | মেডিকেল অফিসার (৯ম গ্রেড) | স্বীকৃত মেডিকেল কলেজ হতে এম বি বি এস ডিগ্রী। কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৩ টি |
| ৪। | রসায়নবিদ (৯ম গ্রেড) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন শাস্ত্রে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা রসায়ন শাস্ত্রে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০৯ টি |
| ৫। | ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা (৯ম গ্রেড) | ক) প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণীর সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ (এম,এস ওয়ার্ড, এম,এস,এক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ১২ টি |
| ৬। | সহকারী প্রধান শিক্ষক (৯ম ও ১০ গ্রেড) | (ক) প্রশিক্ষণ প্রাপ্ত স্নাতক এবং যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে ১২ বৎসর শিক্ষকতা ও প্রশাসনিক অভিজ্ঞতা।<br>(খ) প্রশিক্ষণ প্রাপ্ত স্নাতক এবং যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে ১২ বৎসরের কম শিক্ষকতা ও প্রশাসনিক অভিজ্ঞতা।<br>(গ) স্নাতক এবং যে কোন মাধ্যমিক বিদ্যালয়ে ১০ বৎসর শিক্ষকতা ও প্রশাসনিক অভিজ্ঞতা। | টাঃ ২২০০০-৫৩০৬০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি।<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি।<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- ও প্রচলিত অন্যান্য ভাতাদি। | ০১টি |

### শর্তাবলীঃ

১। ক্রমিক নং-১ হইতে ৫ এ বর্ণিত পদের জন্য উর্ধ্ব বয়স সীমা ৩১-১২-২০১৭ ইং তারিখে ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে উর্ধ্ব বয়স সীমা ৩২ বৎসর এবং ৬ এ বর্ণিত পদের জন্য উর্ধ্ব বয়স সীমা ৩১-১২-২০১৭ ইং তারিখে ৩৭ বৎসর।

২। ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিম্ন পদে কমপক্ষে ৮ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী এবং ক্রমিক নং-৫ এ বর্ণিত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ফিডার পদে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্যাডারের ৮ বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। সকল পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উর্ধ্ব বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৩। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হবে।

৫। মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত সনদ, মুক্তি বার্তার নম্বর, গেজেট, ভারতীয় তালিকায় যদি নাম থাকে তার কপি, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা দাবী করার ক্ষেত্রে পিতামহ/মাতামহ, পিতা-মাতা ও প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চলমান-২

৬। দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকুলে ১০০০/-(এক হাজার) টাকার মূল্যমানের অফেরতযোগ্য ক্রসড পোষ্টাল অর্ডার (২) সদ্য তোলা তিন কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, (৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি (৪) দুইজন অনাত্মীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে দুইটি চারিত্রিক সনদপত্র (৫) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদ (৬) উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রত্যয়ণপত্র (৭) নিজ ঠিকানা লিখিত ও ৬ (ছয়) টাকা মূল্যের ষ্ট্যাম্পযুক্ত ২৮×১১ সেঃ মিঃ সাইজের একটি খাম আবেদন পত্রের সহিত সংযোজন করতে হবে। কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী ১ম শ্রেণীর কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল থাকতে হবে।

৭। দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট (www.bpdb.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। এছাড়া দরখাস্তের নির্ধারিত ফরম (ফটোকপি গ্রহণযোগ্য) অফিস চলাকালীন সময়ে কক্ষ নং-৪০৮, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে।

৮। আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণ রূপে সংযোজন করা না হলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়ণপত্র গ্রহণ করা হবে না। ***খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদন পত্রের উপর উহা স্পষ্টভাবে লিখতে হবে।***

৯। আবেদনপত্র আগামী ৩১-১২-২০১৭ ইং তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৫ম তলা), কক্ষ নম্বর-৪০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌঁছাতে হবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত আবেদনও গৃহীত হবে না।

১০। উপরে বর্ণিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশী হতে পারে।

১১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতীত এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

০৬-১২-১৭

পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।